রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, সেপ্টেম্বর ২২, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**ডি-১ শাখা**

**আর্মি ইনস্ট্রাকশন**
**নম্বর-১/২০২৬**

তারিখ: ১৭-০৯-২০২৬

(এ.আই-২/২০০৩ এর অনুচ্ছেদ-২, ৩, ৪, ১৫ ও ২৪ এর সংশোধনী)

আর্মি ইনস্ট্রাকশন-২/২০০৩ এর অনুচ্ছেদ-২, ৩, ৪, ১৫ ও ২৪ নিম্নরূপভাবে সংশোধন করা হলো:

| ক্রমিক নম্বর | নির্দেশনা নম্বর | বিদ্যমান | সংশোধিত |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | ২। | **শিক্ষাগত যোগ্যতা (Educational Qualification):** বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত কোনো মাদ্রাসা হইতে “ফাজিল” পাস। | **শিক্ষাগত যোগ্যতা (Educational Qualification):** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ‘কামিল’ ডিগ্রি। |
| ২। | ৩। | **বয়সসীমা (Age Limit):** সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা ২০ হইতে ৩৫ বৎসরের মধ্যে হইতে হইবে। তবে অধিক যোগ্যতাসম্পন্ন প্রার্থীর বেলায় বয়সসীমা দুই বৎসর পর্যন্ত নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক শিথিল করা যাইতে পারে। | **বয়সসীমা (Age Limit):** সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর। |

| ক্রমিক নম্বর | নির্দেশনা নম্বর | বিদ্যমান | সংশোধিত |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ৩। | ৪। | **বেতন ও ভাতা (Pay & Allowances):** বেতন ও ভাতা প্রচলিত জে. এস. আই মোতাবেক হইবে। জে. এস. আই ৫/৯৭ অনুযায়ী বেতন স্কেল:<br><br>**বেতন স্কেল=** ১: টাকা ৩১৭০-৩×১৫৫-৩৬৩৫-৬×১৭০-৪৬৫৫<br><br>**বেতন স্কেল=** ২: টাকা ২৮৬০-৫×১৫৫-৩৬৩৫-৪×১৭০-৪৩১৫<br><br>কোনো ধর্মীয় শিক্ষকের চাকুরি বেতন স্কেল ২-এ ছয় বৎসর সন্তোষজনকভাবে পূর্ণ হওয়ার পর তাঁহাকে বেতন স্কেল ১-এ উন্নীত করা যাইবে। এই বেতন স্কেল উন্নীতকরণের জন্য ইউনিট/সংস্থা প্রধান সংশ্লিষ্ট ধর্মীয় শিক্ষকের চাকুরি বেতন স্কেল ২-এ ছয় বৎসর সন্তোষজনকভাবে পূর্ণ হইয়াছে এই মর্মে সনদ প্রদান এবং তাঁহার বেতন স্কেল উন্নীতকরণের সুপারিশের মাধ্যমে সেনাবাহিনী সদর দপ্তর, পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তরের অনুমোদন গ্রহণ সাপেক্ষে অনুমোদনের তারিখ হইতে তাঁহাকে বেতন স্কেল ১-এ উন্নীত করিবেন। | **বেতন ও ভাতা (Pay & Allowances):** বেতন ও ভাতা প্রচলিত জে. এস. আই মোতাবেক হবে।<br><br>বেতন স্কেল:<br><br>**বেতন স্কেল-১** (সিনিয়র ওয়ারেন্ট অফিসার সমতুল্য): ২২২৫০-৫০৫৬০<br>**বেতন স্কেল-২** (ওয়ারেন্ট অফিসার সমতুল্য): ২২০০০-৪৮১২০<br><br>কোনো ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তার চাকুরি বেতন স্কেল-২ এ ছয় বৎসর সন্তোষজনকভাবে পূর্ণ হওয়ার পর তাকে বেতন স্কেল-১ এ উন্নীত করা যাবে। এই বেতন স্কেল উন্নীতকরণের জন্য ইউনিট/সংস্থা প্রধান সংশ্লিষ্ট ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তার চাকুরি বেতন স্কেল-২ এ ছয় বৎসর সন্তোষজনকভাবে পূর্ণ হয়েছে এই মর্মে সনদ প্রদান এবং তার বেতন স্কেল উন্নীতকরণের সুপারিশের মাধ্যমে সেনাবাহিনী সদর দপ্তর, পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তরের অনুমোদন গ্রহণ সাপেক্ষে অনুমোদনের তারিখ হতে তাকে বেতন স্কেল-১ এ উন্নীত করবেন। |

| ক্রমিক নম্বর | নির্দেশনা নম্বর | বিদ্যমান | সংশোধিত |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ৪। | ১৫। | **রেশন (Ration):** তাঁহারা আর্মি রেগুলেশন (রুলস), খন্ড ১-রুল ৪৮৬ ও ৪৯৯ এবং প্রচলিত জে. এস. আই অনুযায়ী নিম্নরূপভাবে রেশন পাইবেন:<br>(ক) চাকুরিকালীন সময়ে সেনাবাহিনীর জেসিও স্কেলে নিজের জন্য বিনামূল্যে এবং পরিবারের জন্য নগদ মূল্যে রেশন পাইবেন।<br>(খ) অবসরকালীন সময়ে সেনাবাহিনীর জেসিও স্কেলে নিজের ও পরিবারের জন্য নগদ মূল্যে রেশন পাইবেন। অবসরকালীন রেশনের জন্য অবসর গ্রহণের প্রাক্কালে সংশ্লিষ্ট ইউনিট/সংস্থা তাঁহারা চাকুরি বৃত্তান্ত (ইউনিট কপি) মোতাবেক রেশনের বিধান অনুযায়ী সেনা রেশন কার্ড (বি এ এফ জেড-৩০৪৮) পূরণপূর্বক উহার উপর সেনাসদর, পিএ পরিদপ্তরের চূড়ান্ত অনুমোদন গ্রহণ সাপেক্ষে সংশ্লিষ্ট স্টেশন সদর দপ্তর হইতে রেশন প্রদানের ব্যবস্থা করিবেন। | **রেশন (Ration):** তারা আর্মি রেগুলেশন (রুলস), খন্ড ১-রুল ৪৮৬ ও ৪৯৯ এবং প্রচলিত জে. এস. আই অনুযায়ী নিম্নরূপভাবে রেশন পাবেন:<br>(ক) চাকুরিকালীন সময়ে সেনাবাহিনীর জেসিও স্কেলে নিজের জন্য বিনামূল্যে এবং পরিবারের জন্য নগদ মূল্যে রেশন পাবেন।<br>(খ) অবসরকালীন সময়ে নিজের ও পরিবারের জন্য প্রচলিত বিধি অনুযায়ী প্রাপ্য রেশন/রেশন ভাতা পাবেন। |
| ৫। | ২৪। | **অবসর গ্রহণের বয়সসীমা (Age Limit for Retirement):** পাবলিক সার্ভিস (রিটায়ারমেন্ট) এ্যাক্ট, ১৯৭৪ (এ্যাক্ট নং XII, ১৯৭৪)-এর ধারা অনুযায়ী চাকুরি হইতে অবসর গ্রহণের বয়সসীমা সাতান্ন বৎসর হইবে। | **অবসর গ্রহণের বয়সসীমা (Age Limit for Retirement):** আর্মি ইনস্ট্রাকশন এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আইন/অধ্যাদেশ/আদেশ/ নির্দেশনা অনুযায়ী অবসর গ্রহণের বয়সসীমা নির্ধারিত হবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রায়হানা ইসলাম**
যুগ্মসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd